

আইসিটি কর্ণার

যশোরের বিরামপুরে ডি.নেটের কম্পিউটার সাক্ষরতা কর্মসূচি

২০০৮-০৫-০৬ :

যশোর সদর উপজেলার শীলা রায় চৌধুরী মাধ্যমিক বিদ্যালয়ে কম্পিউটার সাক্ষরতা কর্মসূচী চালু করেছে বেসরকারি গবেষণা প্রতিষ্ঠান ডেভেলপমেন্ট রিসার্চ নেটওয়ার্ক (ডি.নেট)। গত ২৬ এপ্রিল কর্মসূচীর আনুষ্ঠানিক উদ্বোধন করেন যশোরের জেলা প্রশাসক আবুয়াল হোসেন। যশোর সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা জাহানারা বেগমের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে অন্যের মধ্যে সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শীলা রায় চৌধুরী মাধ্যমিক বিদ্যালয়ের প্রতিষ্ঠাতা ও বিশিষ্ট সমাজ সেবক বিমল রায় চৌধুরী, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নওয়াপাড়া ইউনিয়নের চেয়ারম্যান শহীদুল ইসলাম মিলন, ডি.নেটের প্রকল্প সমন্বয়কারী অজয় কুমার বসু। ডি.নেটের প্রতিনিধি মোঃ মোশারফ হোসেন, আবুল কালাম আজাদ, নাইমুল হক, আশরাফি ফেরদৌসীসহ বিদ্যালয়ের ব্যবস্থাপনা কমিটির সদস্যরা, অভিভাবকবৃন্দ এবং স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। কর্মসূচীর আনুষ্ঠানিক উদ্বোধনের আগে বিদ্যালয়ের শিক্ষার্থীদের মাঝে ডি.নেটের গুণীজন কার্যক্রমের ওপর একটি সিডি ও ওয়েবসাইট প্রদর্শন করা হয় এবং কুইজ প্রতিযোগিতার আয়োজন করা হয়। এই কেন্দ্র উদ্বোধনের মাধ্যমে ডি.নেটের ব্যবস্থাপনায় ১০১টি কম্পিউটার সাক্ষরতা কেন্দ্রের উদ্বোধন হলো।

(সমাপ্ত)